

## সংবাদ বিজ্ঞপ্তি

### নোবিপ্রবিতে কম্পিউটার প্রশিক্ষণ শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) অফিস ম্যানেজমেন্টের জন্য কম্পিউটার প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ রোববার (২৬ জানুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের অংশগ্রহণে ‘এডভান্সড কম্পিউটার ট্রেনিং ফর অফিস ম্যানেজমেন্ট’ শীর্ষক সপ্তাহব্যাপী এ প্রশিক্ষণের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে বিশ্ববিদ্যালয়ের মোবাইল এপ্স ল্যাব কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, আমাদের সবাই কিছু না কিছু সীমাবদ্ধতা রয়েছে। এই সীমাবদ্ধতার মধ্যেও আমরা যদি আমাদের কাজগুলো করতে পারি তাহলে আমাদের বিশ্ববিদ্যালয়কে অনেক বেশী এগিয়ে নিতে পারবো। আপনাদের কারণে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর লেভেলের কাজের গতি স্থবির হয়ে যাক সেটা আপনারাও চান না, আমরাও চাইনা। এক্ষেত্রে আপনাদের কাজের সীমাবদ্ধতা দূর করার জন্যই আমরা সাধ্যমত চেষ্টা করছি।

এসময় তিনি আরো বলেন, এই প্রশিক্ষণ শেষে আপনাদের যে পরীক্ষা নেওয়া হবে সে পরীক্ষায় পাশ করাটা বাধ্যতামূলক। কোনো কারণে পাশ করতে না পারলে নোয়াখালী শহরে গিয়ে নিজ খরচে প্রশিক্ষণ নিয়ে হলেও পাশ করতে হবে। তবেই আপনারা পরবর্তী প্রমোশন বা পদোন্নয়নের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। আমরা চাই আপনাদের কম্পিউটার সংক্রান্ত যার যে ঘাটতি আছে তা পূরণ করে নিজেদের দক্ষ করে গড়ে তুলুন। যেমন, বর্তমানে সরকারী কাজে বাংলাতে নিকষ ফন্টের ব্যবহার, সুন্দরভাবে ই-মেইল পাঠানো বা ড্রাফটিং করার মতো মৌলিক বিষয়ে নিজেদের দক্ষ করে গড়ে তুলতে হবে। একটু চেষ্টা করলে এবং যা শিখাচ্ছে তা বাসায় গিয়ে অনুশীলন করলে আপনাদের জন্য সহজ হবে। আমরা চাই বিশ্ববিদ্যালয়টাকে একটা সুন্দর অবস্থানে নিয়ে যেতে আর এ অবস্থানে নিয়ে যেতে হলে আমরা সবাই মিলে চেষ্টা করতে হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অনুষ্ঠানে রিসোর্স পার্সন ছিলেন ইনফর্মেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবিদুর রহমান ও ড. মোহাম্মদ আমজাদ হোসেন এবং একই বিভাগের প্রভাষক মোহাম্মদ কামরুল হাসান।

উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪